দৈনিক ইনকিলাব

তারিখ ... ... FEB 14 2000
পৃষ্ঠা ৫ ... কলাম ৮

32

# চঃ বিঃ শিক্ষক সমিতির কতিপয় কর্মকর্তা সদস্যের কার্যকলাপ পক্ষপাতদুষ্ট

## –২ জন নির্বাহী সদস্য

চট্টগ্রাম ব্যুরো ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দু'জন নির্বাহী সদস্য এক বিবৃতিতে অনৈতিক ও হঠকারি কাজকর্ম থেকে বিরত থাকার জন্য সমিতির নেতৃবৃন্দের প্রতি আহবান জানিয়েছেন। প্রফেসর ড. সিদ্দিক আহমদ চৌধুরী ও ড. মোঃ হারুন-অর-রশিদ স্বাক্ষরিত উক্ত বিবৃতিতে উদ্বেগ প্রকাশ করে বলা হয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী কমিটির কিছুসংখ্যক সম্মানিত কর্মকর্তা সদস্য কমিটির সকল সদস্যের অবহিতকরণ ছাড়াই একের পর এক কার্যকরী কমিটির সভা করে যাচ্ছেন। এসব সভায় বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক পরিস্থিতি সংক্রান্ত এমন কিছু সিদ্ধান্ত নেয়া হয় এবং পত্র-পত্রিকায় বিবৃতি আকারে প্রকাশিত হয়, যা সার্বিক তথ্যনির্ভর নয় এবং রাজনৈতিক পক্ষপাতদুষ্ট। বিশেষ করে সম্প্রতি অনুষ্ঠিত দু'টি জরুরী সভায় একটি বিশেষ ছাত্র সংগঠনের নাম উল্লেখ করে তাদের বিরুদ্ধে কতিপয় অসত্য অভিযোগ উত্থাপন করা হয়, যা শিক্ষক সমিতির মত একটি দায়িত্বশীল ও নিরপেক্ষ সংগঠনের ভাবমূর্তিকে দারুণভাবে ক্ষুণ্ন করেছে।